

মিডিয়া বিজ্ঞপ্তি (ঢাকা): নভেম্বর ২১, ২০১৭

সামিট এলএনজি টার্মিনালের সাথে জিওসান ও ম্যাকগ্রোগরের ১০০ মিলিয়ন মার্কিন ডলারের চুক্তি সই



ফটো ক্যাপশন: চুক্তি সই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন (বাম থেকে) সামিট গ্রুপের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান, সামিট এলএনজি টার্মিনালের ম্যানেজিং ডিরেক্টর এ.এন.এম. তারীকুর রশীদ, জিওসান এর ম্যানেজিং ডিরেক্টর ফেব্রিস নভেল এবং বিজনেস ডেভেলপমেন্ট ম্যানেজার ফিলিপ বেসন।

সম্প্রতি সামিট পাওয়ার ইন্টারন্যাশনালের অঙ্গপ্রতিষ্ঠান সামিট এলএনজি টার্মিনাল মেরিন ঠিকাদারি কনসার্টিয়াম প্রতিষ্ঠান জিওসান এসএএস এবং ম্যাকগ্রোগরের সাথে ১০০ মিলিয়ন মার্কিন ডলারের টার্নকি চুক্তি স্বাক্ষর করেছে। এই চুক্তির আওতায় প্রতিষ্ঠান দুটি কক্সবাজারের মহেশখালিতে অবস্থিত সামিট এলএনজি টার্মিনালের ভাসমান এলএনজি স্টোরেজ এবং পুণরায় গ্যাসে রূপান্তরকরণ টার্মিনালের (FSRT) ডিজাইন, ইঞ্জিনিয়ারিং, প্রকিউরমেন্ট, ফেব্রিকেশন, ইনস্টলেশন এবং স্থায়ী অবকাঠামোর টেস্টিং এর কাজগুলো করবে। প্রকল্পটির বাস্তবায়নের সময়সীমা ধরা হয়েছে চুক্তির পর থেকে পরবর্তী ১৬ মাস।

এই স্থায়ী অবকাঠামোতে থাকবে অ্যাংকরসহ এফএসআরইউ এর জন্য ডিসকানেক্টবল টারেট মুরিং (DTM) প্লাগ, নোঙরে ভাসমান বন্ধনীসহ ফ্রেমবল রাইজার, কনট্রোল এন্ড হাইড্রলিক আমবিলিকাল, পিএলইএম, এফএসআরইউ এর স্টার্ন মুরিং সিস্টেম (SMS), অফশোর পাইপলাইন এবং তীরের প্রয়োজনীয় কাজ।

সামিট এলএনজি টার্মিনাল এ বছরের আগস্ট মাসে এক্সিলারেট এনার্জির সাথে এফএসআরইউ টার্মিনাল নির্মাণে টাইম চার্টার পার্টি সই করেছিল।

সামিট পাওয়ার ইন্টারন্যাশনাল সম্পর্কে বিস্তারিত:

সামিট পাওয়ার ইন্টারন্যাশনাল দক্ষিণ এশিয়ার অবকাঠামো উন্নয়ন খাতে শীর্ষস্থানীয় ব্যবসায়িক প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি নিজস্ব ব্যবস্থাপনায় বিদ্যুৎ উৎপাদন এবং ফ্লোটিং স্টোরেজ রিগ্যাসিফিকেশন ইউনিট (FSRU) পরিচালনা করে।

www.summitpowerinternational.com

জিওসান সম্পর্কে বিস্তারিত:

জিওসান এনট্রিপোজ গ্রুপের একটি অঙ্গপ্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি ইপিসিআই-টাইপ চুক্তির মাধ্যমে অফশোর ভিত্তিক বিভিন্ন প্রকল্পের বিশেষত তেল ও গ্যাস, খনি, রাসায়নিক শিল্প এবং বিভিন্ন সরকারি কাজ সম্পাদন করে থাকে। জিওসান মূলত উপকূলবর্তী বিভিন্ন পাওয়ার স্টেশন, প্ল্যান্টস ডিস্যালিনেশন, ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্টস এবং অফশোরভিত্তিক ফিল্ডসগুলোর কাঠামো নির্মাণ করে। এছাড়াও জিওসান তীরবর্তী এবং পানির অগভীর অঞ্চলে নিজস্ব প্রযুক্তিতে উন্নত বিশেষ যন্ত্রপাতির মাধ্যমে কাজ করতে সক্ষম।

www.geocean.com

ম্যাকগ্রেগর সম্পর্কে বিস্তারিত:

ম্যাকগ্রেগর বিভিন্ন মেরিন কার্গো ব্যবস্থাপনা, ভেসেল অপারেশন, অফশোর লোডস, তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (LNG) স্থানান্তরে ইঞ্জিনিয়ারিং সমাধান ও সেবা প্রদানে বিশ্বের শীর্ষস্থানীয় প্রতিষ্ঠান। এছাড়া প্রতিষ্ঠানটি অফশোর এর মুরিং এবং লাইফটাইম সহযোগিতা, রক্ষণাবেক্ষণ ও সেবা প্রদান করে।

www.macgregor.com

বিস্তারিত তথ্যের জন্য:

মোহসেনা হাসান | ইমেইল-mohsena.hassan@summit-centre.com | মোবাইল- ০১৭১৩০৮১৯০৫